



এই নির্বাচনই ঠিক করবে দেশের রাজনৈতিক ভবিষ্যৎ: মির্জা ফখরুল



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

বাংলাদেশের রাজনীতির আগামী পথচলা এই ভোটের ফলেই স্পষ্ট হবে বলে মন্তব্য করেছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটে অংশ নিয়ে ভোট দেওয়ার পর সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে তিনি এ কথা বলেন।

বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) সকাল ৭টা ৪১ মিনিটে ঠাকুরগাঁওয়ের নিজ নির্বাচনী এলাকায় ভোট দেন তিনি। এর আগে বাবা-মায়ের কবর জিয়ারত করেন। বক্তব্যে তিনি বলেন, দেশকে গণতান্ত্রিক ধারায় ফিরিয়ে আনতে বিএনপির সাবেক চেয়ারপারসন খালেদা জিয়ার ভূমিকা ছিল গুরুত্বপূর্ণ। এই নির্বাচনের মধ্য দিয়ে দেশে গণতন্ত্রের নতুন অধ্যায় শুরু হতে পারে বলেও আশাবাদ ব্যক্ত করেন তিনি।

মির্জা ফখরুল আরও বলেন, গত সময়ে বহু মানুষ গুম, নির্যাতন ও হত্যার শিকার হয়েছেন। ২০২৪ সালের জুলাইয়ে প্রায় দুই হাজার ছাত্র-জনতা, কৃষক ও শ্রমিক প্রাণ হারিয়েছেন বলেও উল্লেখ করেন তিনি। এত ত্যাগের পর অনুষ্ঠিত এই ভোট যেন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ পরিবেশে সম্পন্ন হয়—সেই প্রত্যাশা ব্যক্ত করেন বিএনপি মহাসচিব। তাঁর মতে, সর্বস্তরের অংশগ্রহণ নিশ্চিত হলে এই নির্বাচন দেশের জন্য ইতিবাচক পরিবর্তনের সূচনা করবে।

অন্যদিকে, ঠাকুরগাঁওয়ে তাঁর প্রতিদ্বন্দ্বী জামায়াত মনোনীত প্রার্থী দেলাওয়ার হোসেন শহরের হাজীপাড়া আদর্শ উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ভোট দেন। সকালে ভোটের উপস্থিতি তুলনামূলক কম থাকলেও সময় বাড়ার সঙ্গে সঙ্গে অংশগ্রহণ বাড়বে বলে আশা প্রকাশ করেন সংশ্লিষ্ট প্রিজাইডিং কর্মকর্তারা।

জেলার তিনটি সংসদীয় আসনে মোট ২০ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। এখানে মোট ভোটের সংখ্যা ১২ লাখ ১৫ হাজার ৮০৭ জন। এর মধ্যে পুরুষ ভোটার ৬ লাখ ১৪ হাজার ৯৮৬ জন এবং নারী ভোটার ৬ লাখ ৮১৪ জন।